

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd



স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৮.০৬.০০১.২০.১৩

তারিখ: ১৯ মাঘ ১৪২৭

০২ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং-১১.০০.০০০০.৭১৭.৫২.০১৪.২১-০৯, তাং: ১২/১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে ২৭ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় (কপি সংযুক্ত) :


গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা
(১) বিগত ০৬-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত কমিটির ২৫তম বৈঠকের কার্যবিবরণী কোনো প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়;	-
(২) ঢাকার চারিপাশের বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা এবং তুরাগ নদীতে কত অবৈধ স্থাপনা আছে তার একটি তালিকা প্রস্তুত করা; এবং উক্ত তালিকার কতগুলো স্থাপনা আগামী ৩ মাসের মধ্যে উচ্ছেদ করা সম্ভব তা নির্ধারণ করে সংশ্লিষ্ট দখলকারীদের নোটিশ দেয়ার পরামর্শ করা হয়;	জানরক, বিআইডব্লিউটিএ, মন্ত্রণালয়ের টিএ অধিশাখা ও জানরক শাখা।
(৩) নদী, খাল ও জলাশয় এর রক্ষণাবেক্ষণ আলাদা আলাদা সংস্থার মাধ্যমে না করে একক মন্ত্রণালয়ের অধীনে এনে তা বাস্তবায়ন করার জন্য সুপারিশ করা হয়।	জানরক, বিআইডব্লিউটিএ, মন্ত্রণালয়ের টিএ অধিশাখা ও জানরক শাখা।
(৪) আগামী ৪-৬ মাসের টার্গেট নিয়ে দখল হয়ে যাওয়া নদীর মধ্য হতে অন্ততঃপক্ষে একটি নদীর অবৈধ স্থাপনা সম্পূর্ণভাবে উচ্ছেদ ও দূষণমুক্ত করে পূর্বের অবস্থায় ফিরিয়ে এনে একটি দৃষ্টান্ত স্থাপনের জন্য সুপারিশ করা হয়;	জানরক, বিআইডব্লিউটিএ ও টিএ অধিশাখা, জানরক শাখা।
(৫) ভালো মানের ডেজার সংগ্রহ করার লক্ষ্যে ৯.৫ ও ৯.৬ প্যারায় আলোচিত বক্তব্যের আলোকে অতীতের টেন্ডারের শর্ত পরিবর্তন না করে মাননীয় সদস্য জনাব শাজাহান খান এর Class ডেজার নির্মাণে অভিজ্ঞতা ও দক্ষতার শর্ত বহাল রেখে দরপত্র আহ্বান করার সুপারিশ করা হয়। তবে পিপিএ এবং পি.পি.আর-এর নিয়মাবলী/বিধানগুলোকে বিবেচনায় রেখেই সংগ্রহ প্রক্রিয়া পরিচালনা করতে হবে;	বিআইডব্লিউটিএ, মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং ও টিএ অধিশাখা।
(৬) ভবিষ্যতে হাইড্রোমরফোলজিক্যাল স্ট্যাডি এবং বিআইডব্লিউটিএ'র অনুমতি ছাড়া যেন কোথাও কোনো নদী খনন করা না হয় তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়;	বিআইডব্লিউটিএ ও টিএ অধিশাখা।

(৭) বুড়িগঙ্গা নদীর তলদেশে জমে থাকা ময়লা/আবর্জনা ও পলিথিন অপসারণ করে নদীর পানি প্রবাহ বৃদ্ধি/পলি পরিষ্কার করার জন্য এখনই 'গ্র্যাব ড্রেজার' ক্রয় করা সম্ভব না হলে ভাড়ায় এনে হলেও অবিলম্বে কার্যসম্পাদন করার সুপারিশ করা হয়।

বিআইডব্লিউটিএ
ও
টিএ অধিশাখা।

০২। এমতাবস্থায়, নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকের কার্যবিবরণীর সদয় অবগতি ও সংশ্লিষ্ট সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও গৃহিত কার্যক্রমের অগ্রগতি মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



২-২-২০২১

মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন
টাওয়ার, (১২ তলা) বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর
রোড, ১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০।
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, চট্টগ্রাম বন্দর
কর্তৃপক্ষ
- ৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, মোংলা বন্দর
কর্তৃপক্ষ
- ৪) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
- ৬) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ
অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৭) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন
কর্পোরেশন
- ৮) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
- ৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর,
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
- ১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী
- ১১) পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
- ১২) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
- ১৩) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), জানরক অধিশাখা,
নৌপরিবহন মন্ত্রণালয়
- ১৪) যুগ্মসচিব, পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়
- ১৫) যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, নৌপরিবহন
মন্ত্রণালয়

১৬) সিনিয়র সহকারী সচিব, টিসি শাখা, নৌপরিবহন
মন্ত্রণালয়


১৭) প্রোগ্রামার, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়
(পত্রটি এবং সংযুক্ত কার্যবিবরণী নৌপরিবহন মন্ত্রণালয়ের
ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৮.০৬.০০১.২০.১৩/১(৮)

তারিখ: ১৯ মাঘ ১৪২৭
০২ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, বন্দর অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থা-১, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্থা-২ অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়



২-২-২০২১
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব